দৈনিক ইনকিলাব

# ব্যতিক্রমধর্মী লাইব্রেরী ব্যানবেইস!

বাংলাদেশের শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর তত্ত্বাবধানে পরিচালিত ব্যানবেইস একটি ব্যতিক্রমধর্মী লাইব্রেরী। এখানে তরুণ মনের ছাত্র-ছাত্রীদের জন্য পাঠ্য সহায়ক বই, রেফারেন্স, পরিসংখ্যান, জার্নাল তথ্যভিত্তিক বইসহ পত্র-পত্রিকার বিপুল সমারোহ। এছাড়াও যেসব ছাত্র-ছাত্রী এমফিল, পিএইচডি করতে চান তাদের জন্য আছে তথ্য ও পরিসংখ্যানমূলক সংগ্রহ স্টেটম্যান ইয়ার বুক, এনসাইক্লোপেডিয়া অব ব্রিটানিকা, ইন্টারন্যাশনাল ইনফরমেশন প্রভৃতি। ব্যানবেইসের বইয়ের সংখ্যা ২২ হাজার।

এই লাইব্রেরী ব্যবহার ফি ব্যতিরেকেই সকলের জন্য উন্মুক্ত। বিশেষ কোন কার্ডেরও প্রয়োজন পড়ে না। তবে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা তাদের পরিচয়পত্র বা নিজ নিজ প্রতিষ্ঠানের লাইব্রেরী কার্ড প্রদর্শনপূর্বক এই লাইব্রেরী ব্যবহার করতে পারবে। এমনকি যে কোন ব্যক্তি তার কর্মক্ষেত্র বা প্রতিষ্ঠানের পরিচয়পত্র দেখিয়ে লাইব্রেরী ব্যবহার করতে পারবে। এ লাইব্রেরীর কোন ধরনের বই বাড়ীতে নেয়ার সুযোগ নেই। তবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ও বিশেষ বিশেষ ব্যক্তিবর্গের ক্ষেত্রে এই নিয়ম শিথিলযোগ্য। আপাতত এখানে ফটোস্ট্যাট মেশিন না থাকায় ফটোকপি দেয়ার কোন সুযোগ নেই। সকাল ৯-৩০ থেকে বিকেল ৪-৩০ মিনিট পর্যন্ত সকলের জন্য লাইব্রেরী খোলা থাকে। শুক্র ও শনিবারসহ সকল সরকারী বন্ধের দিন বন্ধ থাকে। তারুণ্যের সকল বন্ধুরা প্রয়োজনে এর সহায়তা নিতে পারেন। লাইব্রেরীর ঠিকানা- ব্যানবেইস লাইব্রেরী, ১নং সোনারগাঁও রোড, পলাশী, নীলক্ষেত, ঢাকা।

❑ রিয়াজ বিন সাঈদ